रजिस्ट्री सं डी-221

Registered No. D-211

রেজিস্ট্রী নং ডি-২২১

सत्यमेव जयते

# भारत का राजपत्र
# The Gazette of India
# ভারতের গেজেট

असाधारण

EXTRAORDINARY

বিশেষ

भाग VII—अनुभाग 1

PART VII—Section 1

ভাগ ৭—অনুভাগ ১

प्राधिकार से प्रकाशित

**Published by Authority**

প্রাধিকারবলে প্রকাশিত

| | | |
|---|---|---|
| सं 10 | नई दिल्ली, शुक्रबार, सितम्वर 4, 2020 | [भाद्र 13, 1942 शक |
| No. 10 | NEW DELHI, FRIDAY, SEPTEMBER 4, 2020 | [BHADRA 13, 1942 (SAKAY) |
| নং 10 | নতুন দিল্লী, শুক্রবার, ৪ঠা সেপ্টেম্বর ২০২০ | [১৩ই ভাদ্র, ১৯৪২(শক) |


## বিধি ও ন্যায় মন্ত্রণালয়
## (বিধান বিভাগ)

নতুন দিল্লী, ১১ই মার্চ, ২০২০/২১ শে ফাল্গুন, ১৯৪১ (শক)

(১) দি মেডিক্যাল টারমিনেশন অফ প্রেগন্যানসি অ্যাক্ট, ১৯৭১ (১৯৭১-এর ৩৪),

(২) দি অ্যান্টি অ্যাপারথেইড (ইউনাইটেড নেশন্‌স কন্‌ভেন্‌শান্‌) অ্যাক্ট, ১৯৮১ (১৯৮১-র ৪৮),

(৩) দি স্টেট এমব্লেম অফ ইণ্ডিয়া (প্রোহিবিশন অফ ইমপ্রপার ইয়ুজ) অ্যাক্ট, ২০০৫ (২০০৫-এর ৫০),

(৪) দি কমিশনস্‌ ফর প্রোটেক্সন্‌ অফ্‌ চাইল্ড রাইট্‌স্‌ অ্যাক্ট, ২০০৫ (২০০৬-এর ৪),

(৫) দি ন্যাশনাল ইনভেস্টিগেশন্‌ এজেন্সি অ্যাক্ট, ২০০৮ (২০০৮-এর ৩৪),

(৬) দি সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং রিসার্চ বোর্ড অ্যাক্ট, ২০০৮ (২০০৯-এর ৯),

(৭) দি সেন্ট্রাল গুডস্‌ অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স (এক্সটেনশন টু জম্মু অ্যান্ড কাশ্মীর) অ্যাক্ট, ২০১৭ (২০১৭-র ২৬),

(৮) দি ইনটিগ্রেটেড গুডস্ অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স (এক্সটেনশন টু জম্মু অ্যান্ড কাশ্মীর) অ্যাক্ট, ২০১৭ (২০১৭-র ২৭) এবং

(৯) দি মুসলিম উইমেন (প্রোটেকশন অফ রাইটস অন ম্যারেজ) অ্যাক্ট, ২০১৯ (২০১৯-এর ২০)-এর বঙ্গানুবাদ এতদ্দ্বারা রাষ্ট্রপতির প্রাধিকারাধীন প্রকাশিত হইতেছে এবং তৎসমূহ প্রাধিকৃত পাঠ (কেন্দ্রীয় বিধি) আইন, ১৯৭৩ (১৯৭৩-এর ৫০)-এর ২ ধারার (ক) প্রকরণ অনুযায়ী প্রাধিকৃত পাঠরূপে গণ্য হইবে।

## *MINISTRY OF LAW AND JUSTICE*

### *(Legislative Department)*

New Delhi, Dated, the 11th March, 2020/ 21 Phalguna, 1941 (Saka)

(1) The Medical Termination of Pregnancy Act, 1971 (34 of 1971),

(2) The Anti-Apartheid (United Nations Convention) Act, 1981 (48 of 1981),

(3) The State Emblem of India (Prohibition of Improper Use) Act, 2005 (50 of 2005),

(4) The Commission for Protection of Child Rights Act, 2005 (4 of 2006),

(5) The National Investigation Agency Act, 2008 (34 of 2008),

(6) The Science and Engineering Research Board Act, 2008 (9 of 2009),

(7) The Central Goods and Services Tax (Extension to Jammu and Kashmir) Act, 2017 (26 of 2017),

(8) The Integrated Goods and Services Tax (Extension to Jammu and Kashmir) Act, 2017 (27 of 2017) and

(9) The Muslim Women (Protection of Rights on Marriage) Act, 2019 (20 of 2019) are hereby published under the authority of the President and shall be deemed to be the authoritative texts thereof in Bengali under clause (a) of Section 2 of the Authoritative Texts (Central Laws) Act, 1973 (50 of 1973).

---

# চিকিৎসাশাস্ত্রসম্মত গর্ভমোচন আইন, ১৯৭১

(১৯৭১-এর ৩৪ নং আইন)

[১১ ই মার্চ, ২০২০ তারিখে যথা-বিদ্যমান]

রেজিস্ট্রিকৃত চিকিৎসকগণ কর্তৃক কতিপয় গর্ভমোচন এবং তৎসংশ্লিষ্ট ও তদানুষঙ্গিক বিষয়সমূহের জন্য ব্যবস্থাকরণার্থ আইন।

ভারত সাধারণতন্ত্রের দ্বাবিংশতিতম বর্ষে নিম্নরূপে বিধিবদ্ধ হইল:-

সংক্ষিপ্ত নাম, প্রসার ও প্রারম্ভ।

১। (১) এই আইন চিকিৎসাশাস্ত্রসম্মত গর্ভমোচন আইন, ১৯৭১ নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র ভারতে প্রসারিত হইবে।

(৩) ইহা কেন্দ্রীয় সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ নির্দিষ্ট করিবেন, সেই তারিখে বলবৎ হইবে।

সংজ্ঞার্থ।

২। এই আইনে প্রসঙ্গতঃ অন্যথা আবশ্যক না হইলে—

(ক) ''অভিভাবক'' বলিতে নাবালক বা মানসিকভাবে অসুস্থ ব্যক্তির ভরণপোষণ করেন এরূপ ব্যক্তিকে বুঝায়;

(খ) ''মানসিকভাবে অসুস্থ ব্যক্তি'' বলিতে মানসিক প্রতিবন্ধকতা ব্যতীত কোন মানসিক বৈকল্যের কারণে যাঁহার চিকিৎসার প্রয়োজন আছে, সেরূপ ব্যক্তিকে বুঝায়;

(গ) ''নাবালক'' বলিতে, যে ব্যক্তি ইন্ডিয়ান মেজরিটি অ্যাক্ট, ১৮৭৫-এর বিধানাবলী অনুযায়ী সাবালকত্ব অর্জন করেন নাই বলিয়া গণ্য হন, সেই ব্যক্তিকে বুঝায়; ১৮৭৫-এর ৯।

(ঘ) ''রেজিস্ট্রিকৃত চিকিৎসক'' বলিতে এরূপ কোন চিকিৎসককে বুঝায়, যিনি ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল অ্যাক্ট, ১৯৫৬-র ২ ধারার (জ) প্রকরণে যথা-সংজ্ঞাত কোন স্বীকৃত চিকিৎসা যোগ্যতার অধিকারী হন, যাঁহার নাম রাজ্য চিকিৎসা সংক্রান্ত রেজিস্টারে প্রবিষ্ট রহিয়াছে এবং যাঁহার এই আইন অনুযায়ী প্রণীত নিয়মাবলীর দ্বারা যেরূপ বিহিত করা যাইবে স্ত্রীরোগবিদ্যা ও ধাত্রীবিদ্যায় সেরূপ অভিজ্ঞতা ও প্রশিক্ষণ রহিয়াছে। ১৯৫৬-এর ১০২।

কখন রেজিস্ট্রিকৃত চিকিৎসক দ্বারা গর্ভমোচন করা যাইবে।

৩। (১) ভারতীয় দণ্ড সংহিতায় যাহা কিছু আছে, তৎসত্ত্বেও, কোন রেজিস্ট্রিকৃত চিকিৎসক কর্তৃক এই আইনের বিধানাবলী অনুযায়ী কোন গর্ভমোচন করা হইলে, তিনি ঐ সংহিতা বা তৎকালে বলবৎ অন্য কোন বিধি অনুযায়ী কোন অপরাধে দোষী হইবেন না। ১৮৬০-এর ৪৫।

(২) (৪) উপধারার বিধানাবলী সাপেক্ষে, সেরূপ ক্ষেত্রে কোন রেজিস্ট্রিকৃত চিকিৎসক কর্তৃক কোন গর্ভমোচন করা যাইবে,—

(ক) যেক্ষেত্রে গর্ভধারণকাল বারো সপ্তাহের অনধিক হয় সেক্ষেত্রে ঐ চিকিৎসকের, বা

(খ) যেক্ষেত্রে গর্ভধারণকাল বারো সপ্তাহের অধিক হয় কিন্তু কুড়ি সপ্তাহের অনধিক হয়, সেক্ষেত্রে যদি অন্যূন দুইজন রেজিস্ট্রিকৃত চিকিৎসকের,

সরলবিশ্বাসে এই অভিমত হয় যে—

(i) গর্ভধারণ চলিতে থাকিলে ঐ গর্ভবতী মহিলার জীবনহানির ঝুঁকি বা তাঁহার শারীরিক বা মানসিক স্বাস্থ্যের গুরুতর ক্ষতির আশঙ্কা বিজড়িত হইবে; বা

(ii) এরূপ গুরুতর ঝুঁকি রহিয়াছে যে, যদি শিশুর জন্ম হয়, তাহাহইলে সে এরূপ শারীরিক বা মানসিক অস্বাভাবিকতায় পীড়িত হইবে, যাহাতে গুরুতররূপে প্রতিবন্ধী হইয়া যাইবে।

*ব্যাখ্যা* ১।— যেক্ষেত্রে কোন গর্ভাবস্থা ধর্ষণের দ্বারা সৃষ্ট বলিয়া গর্ভবতী মহিলা কর্তৃক অভিকথিত হয়, সেক্ষেত্রে ঐরূপ গর্ভধারণের মানসিক যন্ত্রণা গর্ভবতী মহিলার মানসিক স্বাস্থ্যের গুরুতর হানি ঘটাইবে বলিয়া প্রাগ্‌ধারণা করা যাইবে।

*ব্যাখ্যা* ২।— যেক্ষেত্রে সন্তান সংখ্যা সীমিত করিবার উদ্দেশ্যে কোন বিবাহিত মহিলা বা তাঁহার স্বামী কর্তৃক ব্যবহৃত কোন উপকরণ বা পদ্ধতির ব্যর্থতার ফলে কোন গর্ভাবস্থা সৃষ্ট হয়, সেক্ষেত্রে ঐরূপ অনাকাঙ্ক্ষিত গর্ভধারণের মানসিক যন্ত্রণা গর্ভবতী মহিলার মানসিক স্বাস্থ্যের গুরুতর হানি ঘটাইবে বলিয়া প্রাগ্‌ধারণা করা যাইবে।

(৩) গর্ভধারণ চলিতে থাকিলে (২) উপধারায় যেরূপ উল্লিখিত হইয়াছে স্বাস্থ্যের সেরূপ হানির ঝুঁকি জড়িত কিনা তাহা নির্ধারণ করিবার কালে, গর্ভবতী মহিলার প্রকৃত বা যুক্তিসঙ্গতরূপে সম্ভাব্য পরিবেশ সম্পর্কে বিবেচনা করা যাইবে।

(৪) (ক) যিনি আঠারো বৎসর বয়ঃপ্রাপ্ত হন নাই, বা, যিনি আঠারো বৎসর বয়ঃপ্রাপ্ত হইলেও মানসিকভাবে অসুস্থ সেরূপ কোন মহিলার গর্ভ, তাঁহার অভিভাবকের লিখিত সম্মতি ব্যতীত মোচন করা যাইবে না।

(খ) (ক) প্রকরণে যেরূপ ব্যবস্থিত হইয়াছে তদ্ব্যতীত, গর্ভবতী মহিলার সম্মতি ব্যতীত কোন গর্ভমোচন করা যাইবে না।

যে স্থানে গর্ভমোচন করা যাইবে।

**৪।** এই আইন অনুসারে নিম্নলিখিত স্থানসমূহ ব্যতীত অপর কোন স্থানে কোন গর্ভমোচন করা যাইবে না—

(ক) সরকার কর্তৃক স্থাপিত বা চালিত কোন হাসপাতাল; বা

(খ) এই আইনের প্রয়োজনে সরকার বা মুখ্য চিকিৎসা আধিকারিক বা জেলা স্বাস্থ্য আধিকারিককে চেয়ারপার্সন করিয়া উক্ত সরকার কর্তৃক গঠিত কোন জেলা স্তরের কমিটি কর্তৃক, তৎসময়ে অনুমোদিত কোন স্থান :

তবে সরকার সময়ে সময়ে যেরূপ বিনির্দিষ্ট করিবেন, জেলা স্তরের কমিটি চেয়ারপার্সন সমেত সেরূপ অন্যূন তিনজন এবং অনধিক পাঁচজন সদস্যকে লইয়া গঠিত হইবে।

কখন ৩ ও ৪ ধারা প্রযোজ্য হইবে না।

**৫।** (১) ৪ ধারার বিধানাবলী, এবং ৩ ধারার (২) উপধারার বিধানাবলী যতদূর পর্যন্ত, গর্ভধারণকাল ও অন্যূন দুইজন রেজিস্ট্রিকৃত চিকিৎসকের অভিমতের সহিত সম্পর্কিত, ততদূর পর্যন্ত, কোন রেজিস্ট্রিকৃত চিকিৎসক কর্তৃক কোন গর্ভমোচনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যেক্ষেত্রে সরলবিশ্বাসে তাঁহার এই অভিমত হয় যে, ঐ গর্ভবতী মহিলার জীবনরক্ষার জন্য অবিলম্বে ঐ গর্ভমোচন করা আবশ্যক।

(২) ভারতীয় দণ্ড সংহিতায় যাহা কিছু আছে তৎসত্ত্বেও, রেজিস্ট্রিকৃত চিকিৎসক নহেন এরূপ ব্যক্তি কর্তৃক গর্ভমোচন করা, উক্ত সংহিতা অনুযায়ী অন্যূন দুই বৎসর কিন্তু সাত বৎসর পর্যন্ত হইতে পারে এরূপ মেয়াদের সশ্রম কারবাসে দণ্ডনীয় অপরাধ হইবে, এবং ঐ সংহিতা এতৎসাপেক্ষে, সংপরিবর্তিত হইয়া যাইবে। ১৮৬০-এর ৪৫।

(৩) যেকেহ ৪ ধারায় উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে কোন গর্ভমোচন করেন, তিনি দুই বৎসরের কম হইবে না কিন্তু সাত বৎসর পর্যন্ত হইতে পারে এরূপ মেয়াদের সশ্রম কারাবাসে দণ্ডনীয় হইবেন।

(৪) ৪ ধারার (খ) প্রকরণ অনুযায়ী অনুমোদিত নহে, এরূপ কোন স্থানের মালিক কোনও ব্যক্তি, দুই বৎসরের কম হইবে না কিন্তু সাত বৎসর পর্যন্ত হইতে পারে এরূপ মেয়াদের সশ্রম কারাবাসে দণ্ডনীয় হইবেন।

*ব্যাখ্যা* ১। — এই ধারার প্রয়োজনার্থে কোন স্থান সম্পর্কে ''মালিক'' এই কথাটিতে যে স্থানে এই আইন অনুযায়ী গর্ভমোচন করা হয় সেরূপ কোন হাসপাতাল বা স্থানের, উহাকে যে নামেই বলা হউক না কেন, প্রশাসনিক প্রধান অথবা অন্যথা উহার কার্য চালনায় বা রক্ষণাবেক্ষণে দায়িত্বশীল কোন ব্যক্তিকে বুঝায়।

*ব্যাখ্যা* ২। — এই ধারার প্রয়োজনার্থে ২ ধারার (ঘ) প্রকরণের বিধানাবলী যতদূর পর্যন্ত রেজিস্ট্রিকৃত চিকিৎসক কর্তৃক স্ত্রীরোগবিদ্যা ও ধাত্রীবিদ্যায় অভিজ্ঞতা বা প্রশিক্ষণের অধিকারী হওয়ার সহিত সম্পর্কিত, ততদূর পর্যন্ত প্রযোজ্য হইবে না।

নিয়মাবলীর প্রণয়নের ক্ষমতা।

৬। (১) কেন্দ্রীয় সরকার, এই আইনের বিধানাবলী কার্যে পরিণত করিবার জন্য সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নিয়মাবলী প্রণয়ন করিতে পারিবেন।

(২) বিশেষতঃ ও পূর্বগামী ক্ষমতার ব্যাপকতা ক্ষুণ্ণ না করিয়া, ঐরূপ নিয়মাবলীতে নিম্নলিখিত সকল বা যেকোন বিষয়ের জন্য ব্যবস্থা করা যাইবে, যথা:-

(ক) কোন রেজিস্ট্রিকৃত চিকিৎসক এই আইন অনুযায়ী গর্ভমোচন করিতে চাহিলে তাঁহার যে অভিজ্ঞতা বা প্রশিক্ষণ, বা উভয়ই থাকিতে হইবে; এবং

(খ) এই আইন অনুযায়ী প্রণীত নিয়মাবলী দ্বারা ব্যবস্থা করা আবশ্যক হইবে বা ব্যবস্থা করা যাইবে এরূপ অন্যান্য বিষয়।

(৩) এই আইন অনুযায়ী কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রণীত প্রত্যেক নিয়ম, প্রণীত হইবার পর যথাসম্ভব শীঘ্র সংসদের প্রত্যেক সদনের সমক্ষে, উহার সত্র চলিতে থাকাকালে, মোট ত্রিশ দিন সময়সীমার জন্য স্থাপিত হইবে, যে সময়সীমা একটি সত্রের অথবা দুইটি আনুক্রমিক সত্রের অন্তর্ভুক্ত হইতে পারে, এবং যদি, যে সত্রে উহা ঐরূপে স্থাপিত হয় সেই সত্রের বা উহার অব্যবহিত পরবর্তী সত্রের অবসানের পূর্বে উভয় সদন ঐ নিয়মের কোন সংপরিবর্তন করিতে একমত হন, অথবা উভয় সদন একমত হন যে ঐ নিয়ম প্রণীত হওয়া উচিত নহে, তাহাহইলে তৎপরে ঐ নিয়ম কেবল, ক্ষেত্রানুযায়ী, ঐরূপ সংপরিবর্তিত আকারে কার্যকর হইবে বা, আদৌ কার্যকর হইবে না, তবে এরূপভাবে যে, ঐরূপ কোন সংপরিবর্তন বা রদকরণ ঐ নিয়ম অনুযায়ী পূর্বে কৃত কোন কিছুরই সিদ্ধতা ক্ষুণ্ণ করিবে না।

প্রনিয়মাবলী প্রণয়ন করিবার ক্ষমতা।

৭। (১) রাজ্য সরকার, প্রনিয়মাবলী দ্বারা—

(ক) ৩ ধারার (২) উপধারায় যেরূপ উল্লিখিত হইয়াছে সেরূপ কোন অভিমত, যাহা সংশ্লিষ্ট রেজিস্ট্রিকৃত চিকিৎসক বা চিকিৎসকগণ কর্তৃক শংসিত হইবে তাহা, ঐরূপ প্রনিয়মাবলীতে যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ ফরমে এবং সেরূপ সময়ে করিবার জন্য অনুজ্ঞা করিতে পারিবেন, এবং ঐরূপ শংসাপত্রসমূহের সংরক্ষণ বা নিষ্পত্তির ব্যবস্থা করিতে পারিবেন;

(খ) যিনি কোন গর্ভমোচন করেন সেরূপ কোন রেজিস্ট্রিকৃত চিকিৎসককে ঐরূপ গর্ভমোচন সম্পর্কিত জ্ঞাপন, এবং ঐরূপ প্রনিয়মাবলীতে যেরূপ বিনির্দিষ্ট হইবে ঐ গর্ভমোচন সংক্রান্ত সেরূপ অন্যান্য তথ্য প্রদান করিতে অনুজ্ঞা করিতে পারিবেন;

(গ) ঐরূপ প্রনিয়মাবলীতে যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ ব্যক্তিগণের নিকট এবং সেরূপ উদ্দেশ্যসমূহে ব্যতীত, ঐরূপ প্রনিয়মাবলী অনুসরণক্রমে প্রদত্ত জ্ঞাতব্য বা দাখিলীকৃত তথ্য প্রকাশ করা প্রতিষিদ্ধ করিতে পারিবেন।

(২) (১) উপধারার (খ) প্রকরণ বলে প্রণীত প্রনিয়মাবলী অনুসরণক্রমে প্রদত্ত জ্ঞাতব্য বা দাখিলীকৃত তথ্য রাজ্যের মুখ্য চিকিৎসা আধিকারিকের নিকট, ক্ষেত্রানুযায়ী, প্রদত্ত বা দাখিলীকৃত হইবে।

(২ক) এই আইন অনুযায়ী রাজ্য সরকার কর্তৃক প্রণীত প্রত্যেক প্রনিয়ম, প্রণীত হইবার পর যথাসম্ভব শীঘ্র, রাজ্য বিধানমণ্ডলের সমক্ষে স্থাপিত হইবে।

(৩) সেরূপ কোন ব্যক্তি, যিনি (১) উপধারা অনুযায়ী প্রণীত কোন প্রনিয়মের অনুজ্ঞাসমূহ ইচ্ছাকৃতভাবে উল্লঙ্ঘন করিবেন বা ইচ্ছাকৃতভাবে পালন করিতে ব্যর্থ হইবেন, তিনি এক হাজার টাকা পর্যন্ত হইতে পারে এরূপ জরিমানায় দণ্ডিত হইবার দায়িতাধীন হইবেন।

সরলবিশ্বাসে গৃহীত ব্যবস্থার রক্ষণ।

**৮।** কোন রেজিস্ট্রিকৃত চিকিৎসকের বিরূদ্ধে, এই আইন অনুযায়ী সরল বিশ্বাসে কৃত বা কৃত হইবার জন্য অভিপ্রেত কোন কিছুর দ্বারা ঘটিত বা ঘটা সম্ভব এরূপ কোন ক্ষতির জন্য কোন মোকদ্দমা বা বৈধিক কার্যবাহ চলিবে না।